বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
bgfcl.org.bd

**২৭ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৯৭তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **২৭ মে ২০২৫** |
| সভার সময় | **দুপুর ২.৩০ টা** |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

ব্যবস্থাপনা পরিচালক মে'২৫ মাসের/৯৭তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ জানালে কোম্পানি সচিব বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

বিগত সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনও মতামত না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০। | **অপারেশন ডিভিশন:** | | | |
| ২.১। | গ্যাস ফ্লো মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড করার লক্ষ্যে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/ স্থাপন। | মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থায় ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন বিষয়ে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। আগামী বোর্ড সভার অনুমোদনের জন্য কার্যপত্র উপস্থাপন করা হবে। | এ পর্যায়ে এজেন্ডাটি নিষ্পত্তি হয়েছে মর্মে গণ্য হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.২। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **তিতাস ফিল্ড:**<br>উপমহাব্যবস্থাপক (তিতাস) সভাকে অবহিত করেন যে, তিতাস-ই লোকেশনের সার্ফেসের পানি ড্রেন-আউট হচ্ছে না। ফিল্ডের পশ্চিম পার্শ্বে মহাসড়কের নির্মাণ কাজ প্রান্তের খাল পর্যন্ত এক্সটেনশন এবং বেশ খানিকটা উঁচু করায় ফিল্ডের ভিতরে বৃষ্টির পানি আটকে যাচ্ছে। অতিবৃষ্টিতে পানি জেনারেটর পর্যন্ত পৌঁছে যায়। এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (পুরকৌশল) বলেন, একই কারণে তিতাস-এ এবং বি-এর সার্ফেসের পানির ড্রেন-আউটেও সমস্যা সৃষ্টি হয়েছে। তাছাড়া, তিতাস-ই, বি এবং প্রধান কার্যালয়ের মেইন গেইটসমূহও কিছুটা পিছিয়ে নেয়ার প্রয়োজনীয়তা সৃষ্টি হয়েছে। তবে, রাস্তার উন্নয়ন কার্যক্রমের সর্বশেষ অবস্থা পর্যালোচনা করে কোম্পানির সংস্কার কার্যক্রম গ্রহণ করতে হবে। | তিতাস-ই লোকেশনের সার্ফেসের পানি ড্রেন-আউটের সাময়িক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পাশাপাশি স্থায়ী ব্যবস্থা হিসেবে করণীয় নির্ধারণে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস) |
| | | **হবিগঞ্জ ও মেঘনা ফিল্ড:**<br>উপমহাব্যবস্থাপক (হবিগঞ্জ) সভাকে অবহিত করেন যে, ফিল্ডের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। তবে, অতিবৃষ্টিকালে মাটি ধ্বসের সমস্যা/সম্ভাবনা থাকে যা নিবিড় পর্যবেক্ষণ করা হয়। ব্যবস্থাপক/ ইনচার্জ (মেঘনা) সভাকে অবহিত করেন যে, মেঘনা কূপ হতে গ্যাসের সাথে অতিরিক্ত পরিমাণ প্রায় ৭৩০ ব্যারেল পানি আসে। এ পানি ফিল্ডের অভ্যন্তরস্থ পুকুর এবং বহিস্থ কোম্পানির খালে সংরক্ষণ করা হয়। এ অতিরিক্ত পরিমাণ পানি সংরক্ষণ একটি চ্যালেঞ্জ। সমস্যাটি গভীর তবে চলমান প্রকল্পের আওতায় কূপের ওয়ার্কওভার সম্পাদন করা হলে পানি উৎপাদন কম হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। | মেঘনা কূপ হতে গ্যাসের সাথে আসা পানি পরিবেশবান্ধব উপায়ে সংরক্ষণে গুরুত্ব দিতে হবে। চলমান প্রকল্পের আওতায় কূপের ওয়ার্কওভার সম্পাদন করা হলে পানি উৎপাদন কম হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও ব্যবস্থাপক/ইনচার্জ (মেঘনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **বাখরাবাদ ফিল্ড:**<br>উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন যে, ফিল্ডের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। তবে, ফিল্ডের অপ্রয়োজনীয় টেলিকম টাওয়ারটি ডিসমেন্টাল করা জরুরি। আলোচনাকালে সভা আরও অবহিত হয় যে, নরসিংদী, বাখরাবাদ ও হবিগঞ্জ ফিল্ডে টেলিকমিউনিকেশন টাওয়ার রয়েছে যেগুলো দীর্ঘদিন ব্যবহার হয়না। তাছাড়া, এগুলো আর ব্যবহার হওয়ার সম্ভাবনাও নেই এবং পরিবেশের জন্য সমস্যা। এ টাওয়ারগুলো কোনো মোবাইল অপারেটর/টেলিকম কোম্পানিকে ভাড়া দেওয়া যায় কি-না, তদ্‌বিষয়ে কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা যেতে পারে। | নরসিংদী, বাখরাবাদ ও হবিগঞ্জ ফিল্ডের টেলিকমিউনিকেশন টাওয়ার ব্যবহার হওয়ার সম্ভাবনা না থাকায় টাওয়ারগুলো কোনো মোবাইল অপারেটর/টেলিকম কোম্পানিকে ভাড়া দেওয়া যায় কি-না, তদ্‌বিষয়ে প্রস্তাবনা উপস্থাপনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করতে হবে:<br><br>ক) জিএম (এমআইসিটি)- আহ্বায়ক<br>খ) উপমহাব্যবস্থাপক (ইএমটি)- সদস্য-সচিব<br>গ) উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)- সদস্য<br>ঘ) ব্যবস্থাপক (আইডব্লিউটি) সদস্য<br>ঙ) ব্যবস্থাপক (পার্সোনেল)- সদস্য<br>চ) ব্যবস্থাপক (জিপি)- সদস্য<br>ছ) সংশ্লিষ্ট ফিল্ডসমূহের ০১ জন কর্মকর্তা - সদস্য | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (নরসিংদী) |
| | | **নরসিংদী ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় নিরবচ্ছিন্ন গ্যাস উৎপাদন অব্যাহত রাখার স্বার্থে কর্মকর্তা আবাসনের ব্যবস্থা করা অতীব গুরুত্বপূর্ণ। ফলে, প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য বিষয়টি পুনরায় কোম্পানির বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>এছাড়া, ফিল্ডের মেইন গেইট কোথায় ও কি মাপে হবে তা নির্ধারণ করা জরুরি কেননা বর্তমান অবস্থান দিয়ে ট্যাংক লরি বা বড় গাড়ি প্রবেশ করবে না। | ১) নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণ হওয়ায় কর্মকর্তাদের আবাসনের পুনর্নিমাণ কাজ সম্পাদন সংক্রান্ত প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য বিষয়টি পুনরায় কোম্পানির পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২) মহাব্যবস্থাপক (অপারেশন), মহাব্যবস্থাপক (টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল) সরেজমিন পরিদর্শন করে নরসিংদী ফিল্ডের মেইন গেইট প্রতিস্থাপনের স্থানসহ সংশ্লিষ্ট বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |
| | | **কামতা ফিল্ড:**<br>উপব্যবস্থাপক/ইনচার্জ (কামতা) সভাকে অবহিত করেন যে, ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভূতুড়ে ভবনটি অত্যন্ত নোংরা এবং সাপ-খোপের আবাসস্থল হয়ে আছে। ইতিপূর্বে ভবনটির সংস্কারের জন্য টিজিটিডিএসএল কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হলেও কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অত্যাবশ্যক। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভূতুড়ে ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন/ সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য টিজিটিডিএসএল কর্তৃপক্ষকে পুনরায় পত্র মারফত অনুরোধ জানাতে হবে। তদনুযায়ী কোনও কার্যক্রম গ্রহণ না করা হলে নিজস্ব ব্যবস্থায় পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| ৩.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, তিতাস-জি লোকেশনে কম্প্রেসর স্থাপনের লক্ষ্যে ফাউন্ডেশন, কন্ট্রোল বিল্ডিং, এমসিসি বিল্ডিং ও জেনারেটর বিল্ডিং নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ফাউন্ডেশনের উপর ৩টি কম্প্রেসর স্থাপন করা হয়েছে। সার্বিকভাবে ৯০% কাজ সম্পন্ন হয়েছে।<br><br>তিতাস-ই লোকেশনে কম্প্রেসর স্থাপনের লক্ষ্যে ফাউন্ডেশন, কন্ট্রোল বিল্ডিং, এমসিসি বিল্ডিং ও জেনারেটর বিল্ডিং নির্মাণ কাজ ৮৫% সম্পন্ন হয়েছে।<br><br>কম্প্রেসর, ইঞ্জিন, কুলার ও প্রোডাকশন সেপারেটরসহ প্রায় ৯০% মালামাল শিপমেন্ট হয়েছে এবং ৮০% মালামাল সাইটে পৌঁছেছে।<br><br>ব্যয়বৃদ্ধিসহ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির জন্য ডিপিপি'র ১ম সংশোধন প্রস্তাবে অর্থ বিভাগের লিকুইডিটি সার্টিফিকেট অন্তর্ভুক্ত করে ইএমআরডি-তে প্রেরণ করা হয়েছে। আগামী ০১.০৬.২০২৫ তারিখে উক্ত প্রস্তাবের উপর মন্ত্রণালয়ের সভা অনুষ্ঠিত হবে | প্রকল্পের যাবতীয় মালামালের শিপমেন্ট দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>ওয়েলহেড কম্প্রেসর স্থাপন, টেস্টিং ও কমিশনিং অক্টোবর, ২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>প্রকল্পের ডিপিপি'র সংশোধন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের অধীনে ২য় কূপ তিতাস-১৬ এর ওয়ার্কওভার সম্পন্ন শেষে ১৩-৫-২০২৫ তারিখ হতে দৈনিক প্রায় ৮.২৫ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। ৩য় কূপ হিসেবে হবিগঞ্জ-৫ এর ওয়ার্কওভার অক্টোবর ২০২৫ মাসে শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে। এছাড়া, বাখরাবাদ-৬ ও ৭ এবং মেঘনা-১নং কূপ ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় ৫টি গ্রুপের ওয়ার্কওভার মালামালের মধ্যে ২টি গ্রুপের মালামাল (Wellhead & X-mas Tree এবং Downhole Completion Equipment) সংগ্রহের জন্য ঠিকাদারকে ২৩-০৫-২০২৫ তারিখে NOA প্রেরণ করা হয়েছে। বাকী ৩টি গ্রুপের মালামাল (Mud and Completion Chemicals; Packer Milling Tools এবং Tubing) সংগ্রহের জন্য NOA প্রেরণের পূর্বে অতিরিক্ত অর্থ ব্যয়ের অনুমোদনের জন্য লক্ষ্যে পেট্রোবাংলার মাধ্যমে ২৫-০৫-২০২৫ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত ৩টি কূপ ওয়ার্কওভারের জন্য তৃতীয় পক্ষীয় প্রকৌশল কাজের ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহ্বানকৃত আন্তর্জাতিক দরপত্র মূল্যায়নের কাজ চলমান আছে। | হবিগঞ্জ-৫ এর ওয়ার্কওভার অক্টোবর ২০২৫ মাসে শুরু করার লক্ষ্যে কার্যক্রম এগিয়ে নিতে হবে।<br><br>প্রকল্পের বৈদেশিক মালামাল দ্রুত সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৩। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৩-ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে পুন দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। Explosive সংগ্রহের লক্ষ্যে LC স্থাপন প্রক্রিয়াধীন আছে। Recording System with Hardware & Softwre সংক্রান্ত মালামাল ক্রয়ের নিমিত্ত NOA প্রদান করা হচ্ছে। QC & Field Processing Equipment and Drilling Machine with Accessories মালামাল ক্রয় সংক্রান্ত Purchase Order ইস্যু করা হয়েছে। মাঠ পর্যায়ের কাজে সার্বিক সহযোগিতার জন্য স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | বাপেক্স-এর মাধ্যমে যথাসময়ে ৩-ডি সাইসমিক জরিপ কার্যক্রম শুরু করার নিমিত্ত প্রস্তুত থাকতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৪। | তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ৩টি ও কামতা ফিল্ডে ১টি কূপ সমন্বিতভাবে খননের জন্য ১০-০৪-২০২৫ তারিখে খনন ঠিকাদার CNPC Chuanqing Drilling Engineering Company Ltd. (CCDC), China এর সাথে চুক্তি সম্পাদিত হয় এবং চুক্তির আলোকে প্রয়োজনীয় LC খোলার কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কূপ খনন কাজে ৩টি ক্যাটাগরিতে পরামর্শ নিয়োগের নিমিত্ত RFP ডকুমেন্টের বিপরীতে প্রাপ্ত প্রস্তাবের উপর কারিগরি মূল্যায়ন শেষে বোর্ড সভায় উপস্থাপন করা হচ্ছে। তিতাস কূপ নং-২৮, ২৯ ও ৩০ এর ড্রিলিং প্যাড-এ বালি ভরাট কাজ ঠিকাদার কর্তৃক চুক্তির সর্বশেষ সীমা ২৩-০৬-২০২৫ তারিখের মধ্যে শেষ করা হবে। অনুমোদিত ডিপিপি'র আলোকে অন্যান্য পূর্ত কাজসমূহের দরপত্র প্রকাশ করা হয়েছে। প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, খনন ঠিকাদার CCDC কর্তৃক বেইস ক্যাম্পের জন্য জায়গা চাওয়া হয়েছে। | তিতাস কূপ নং ২৮, ২৯ ও ৩০ এর ড্রিলিং প্যাড এ ভূমি উন্নয়নের কাজ যথাসময়ে শেষ করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>তিতাসে পাইপ লাইন নির্মাণের নিমিত্ত দরপত্র আহ্বান করতে হবে এবং<br><br>ডিপিপি'তে উল্লেখিত কাজসমূহ যথাসময়ে সম্পাদন এবং খনন মালামাল দ্রুত সাইটে পৌঁছানোর বিষয়ে সচেষ্ট হতে হবে। প্রকল্পের অন্যান্য কাজসমুহ ডিপিপি'র আলোকে দ্রুততার সাথে শেষ হওয়ার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>খনন ঠিকাদার CCDC-কে বেইস ক্যাম্পের জন্য জায়গা প্রদানের বিষয়ে মহাব্যবস্থাপক (টিএস), উপমহাব্যবস্থাপক (সিভিল)/ (এস্টেট) ও প্রকল্প পরিচালক আলোচনাক্রমে প্রস্তাবনা উপস্থাপন করবেন। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৫। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় বিজিএফসিএল-এর ৮টি কূপের ওয়ার্কওভার ও ৬টি কূপ ড্রিলিং (২টি ডিপ-ড্রিলিংসহ) অন্তর্ভুক্ত আছে। এছাড়া, ২০২৬-২৮ মেয়াদে সম্পাদিতব্য ১০০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমের মধ্যে বিজিএফসিএল-এর ১২টি কূপের ওয়ার্কওভার ও ৯টি কূপ ড্রিলিং রয়েছে। | পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় কোম্পানির উন্নয়ন কর্মকান্ড যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | **বর্তমানে প্রস্তাবিত ৫টি প্রকল্প রয়েছে যেগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপ:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক) তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর (Deep) অনুসন্ধান কূপ খনন প্রকল্প। | প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, তিতাস-৩১ কূপের এর জন্য অধিযাচনকৃত ভূমি জেলা প্রশাসন কর্তৃক পুরকৌশল বিভাগকে বুঝিয়ে দেয়া হয়েছে এবং পুরকৌশল বিভাগ কর্তৃক ভূমি উন্নয়ন এবং বাউন্ডারি ওয়াল ও রিটেইনিং ওয়াল কাজের জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। ঠিকাদার কাজ শুরু করতে গেলে পূর্বদিকের বাউন্ডারি সংশ্লিষ্ট একজন ভূমি মালিক পৈত্রিক সম্পত্তি ছাড়তে রাজি না মর্মে কাজে বাঁধা প্রদান করছেন। আলোচনাকালে উপমহাব্যবস্থাক (এস্টেট) এ বিষয়ে ভূমি মালিকের সাথে উদ্ভূত সমস্যা সমাধানে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে জানিয়ে সভাকে আশ্বস্ত করেন। অপরদিকে বাখরাবাদ-১০ কূপ সংশ্লিষ্ট অধিযাচনতব্য ভূমির যৌথ জরিপ সম্পন্ন শেষে ভূমির অধিযাচন সংক্রান্ত অনুমোদন পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | তিতাস-৩১ কূপের এর জন্য অধিযাচনকৃত ভূমির উন্নয়ন কাজে বাঁধা প্রদানকারী ব্যক্তিকে নিবৃত্ত করতে হবে, প্রয়োজনে পুলিশের সহায়তা নিতে হবে।<br><br>২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের কার্যক্রম যথাসময়ে শুরু করার জন্য বাপেক্স-এর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে এবং ভূমি উন্নয়ন কর্মপরিকল্পনা এগিয়ে নিতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/সমন্বয়ক |
| | খ) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডে ০২টি নতুন কূপ তিতাস-৩২ ও ৩৩ খননের জন্য নিজস্ব ও জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্প সমন্বয়ক তিতাস-সি লোকেশনের তিতাস-৩৩নং কূপ এলাকায় অবস্থিত অস্থায়ী আনসার ক্যাম্প ও ZICOM-এর অফিস/আবাসন প্রকল্প কার্যক্রম শুরুর পূর্বে স্থানান্তর করা প্রয়োজন হবে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | তিতাস ফিল্ডে ০২টি নতুন কূপ তিতাস-৩২ ও ৩৩ খননের জন্য গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>তিতাস-৩৩নং কূপ এলাকায় অবস্থিত অস্থায়ী আনসার ক্যাম্প স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিরাপত্তা বিভাগ বরাবর অফিস স্মারক প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| | গ) তিতাস-১৫ নং কূপ ওয়ার্কওভার প্রকল্প। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, তিতাস ফিল্ডের ১৫নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণ করা হচ্ছে। জিওবি অর্থায়নে প্রস্তাবিত এ প্রকল্পটি গ্রহণের লক্ষ্যে আইআইএফসি কর্তৃক ফিসিবিলিটি স্টাডি রিপোর্ট পেশ করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। | তিতাস ফিল্ডের ১৫নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম এগিয়ে নিতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| ৩.৬। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | উপমহাব্যবস্থাপক (ইএস) সভাকে অবহিত করেন যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের আবেদন করা হলে সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধি সরেজমিনে পরিদর্শন করেন এবং Fire Plan বাস্তবায়ন করলেই হবে, Fire License-এর প্রয়োজন হবেনা মর্মে মতামত প্রদান করেন। এ সংক্রান্ত একটি পত্র ইতিমধ্যে পাওয়া গেছে। প্রধান কার্যালয়ে অনুমোদিত ফায়ার প্লান বাস্তবায়নে আনুমানিক ১.৩০ কোটি টাকা প্রয়োজন হবে। | কোম্পানির প্রধান কার্যালয়ের অনুমোদিত Fire Plan বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য বিষয়টি মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৭। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডের ECC শীঘ্রই পাওয়া যাবে। বাখরাবাদ ফিল্ডের ETP স্থাপন কার্যক্রম নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। এছাড়া, নতুনভাবে গৃহীতব্য তিতাস-৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্পের জন্য ECC অচিরেই পাওয়া যাবে মর্মে উপমহাব্যবস্থাপক (ইএস) সভাকে অবহিত করেন। | বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপনের কাজ যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। | সভাকে অবহিত করা হয় যে, APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানি সচেষ্ট আছে। অপরদিকে APA এর ফাইভ টুলস্ NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, Citizen Charter এবং RTI এর ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিসমূহ কাজ করছে। | APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৯। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, এ বছরের জন্য গৃহীত উদ্ভাবনী (Innovation) কার্যক্রম হিসেবে প্রণীত Gas production Report Automation শীর্ষক সফ্‌টওয়্যারটি অপারেশন ডিভিশন কর্তৃক চালু করা হয়েছে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথির উপর একটি প্রশিক্ষণ হয়েছে। বর্তমানে ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ৯৯.০৫% যা ১০০% এ উন্নীত করার লক্ষ্যে করণীয় নির্ধারণ করা যেতে পারে। | পরবর্তীতে গৃহীতব্য উদ্ভাবনী (Innovation) কার্যক্রম বিষয়ে ইনোভেশন টিম সচেষ্ট হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৪.০।** | **কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম | উপমহাব্যবস্থাপক (কম্প্রেসর মেইনটেন্যান্স)-তিতাস সভাকে অবহিত করেন যে, তিতাস-সি এর কম্প্রেসরসমূহ বিদেশী কোম্পানির মাধ্যমে ওভারহোলিং করা হচ্ছে। তারা কোম্পানির জনবল সম্পৃক্ত করে ৪৫ কর্মদিবস হিসেবে ৩টি সিডিউলে কর্মপরিকল্পনা গ্রহণ করে। ১ম সিডিউল ১২ দিনে সুসম্পন্ন করে সংশ্লিষ্ট টিম আন্তর্জাতিক মানের কর্মদক্ষতা অর্জন করেছে এবং এখন এ টিম ২৮০০০-৩২০০০ মেইনটেন্যান্স-ঘণ্টা কর্মসম্পাদনে আত্মবিশ্বাসী। সভা বিষয়টি অবগত হয়ে সংশ্লিষ্ট টিমকে ধন্যবাদ ও অভিনন্দন জানায়। অপরদিকে, মহাব্যবস্থাপক (অপারেশন) এবং মহাব্যবস্থাপক (সিজি) নিজেদের মধ্যে আলোচনাক্রমে বিভিন্ন ফিল্ড/স্থাপনার কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম সম্পাদনের জন্য একটি কেন্দ্রীয় টিম গঠনের উদ্যোগ নিয়েছেন মর্মে সভাকে অবহিত করেন। ফিল্ডসমূহের কম্প্রেসর মেইনটেন্যান্স বিভাগে পদায়নকৃত জনবলের সাথে কেন্দ্রীয় টিম সমন্বিতভাবে কাজ করবে। | কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রমে দক্ষ জনশক্তি গড়ে তোলা কোম্পানির জন্য চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবেলায় মহাব্যবস্থাপক (অপারেশন) এবং মহাব্যবস্থাপক (সিজি) এর গৃহীত উদ্যোগ অনুযায়ী কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম সম্পাদনের জন্য কেন্দ্রীয়ভাবে একটি টিম গঠন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ সিজি) |
| **৪.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৪.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | ক) কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | ফিল্ড ইনচার্জ সভাকে অবহিত করেন যে, কামতা ফিল্ডের ৪টি মৌজার অধিকাংশ ভূসম্পত্তির নামজারি সম্পন্ন হয়েছে। তবে, ৩টি মৌজার প্রায় ২.৮২ একর ভূসম্পত্তির নামজারির কার্যক্রম ভূমি অধিদপ্তরের সার্ভার সমস্যার জন্য সম্পাদনে বিলম্ব হচ্ছে। সার্ভার সমস্যা অচিরেই সমাধান হবে বলে জানা গেছে। | কামতা ফিল্ডের ভূ-সম্পত্তির অবশিষ্ট অংশের নামজারি সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| | খ) বাখরাবাদ ফিল্ড সংলগ্ন কোম্পানির ভূ-সম্পত্তি। | সভাকে অবহিত করা হয় যে, গোমতী নদীর তীর সংলগ্ন কোম্পানির প্রায় ৪৩ একর ভূমির কাগজপত্র সংগ্রহ করা হয়েছে। উক্ত ভূমির রেকর্ড হালনাগাদকরণ ও খাজনা পরিশোধ কার্যক্রম ভূমি অধিদপ্তরের সার্ভার সমস্যার জন্য সম্পাদনে বিলম্ব হচ্ছে। এছাড়া, বাখরাবাদ-সি থেকে লোকেশন-এ পর্যন্ত পথস্বত্ব (ROW)-তে স্থায়ী পিলার নির্মাণের কাজ নিয়োজিত ঠিকাদার কর্তৃক সম্পাদন করা হচ্ছে। | গোমতী নদীর তীর সংলগ্ন কোম্পানির বাখরাবাদ ফিল্ডের ভূমির রেকর্ড হালনাগাদকরণ ও খাজনা পরিশোধ কাজ তরান্বিত করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| ৪.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। কামতা ফিল্ডের উলুখোলা বাজার এবং মেঘনা ফিল্ডের মরিচাকান্দি বাজার এলাকাস্থ কোম্পানির ভূমি কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দেয়া যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | কামতা ফিল্ডের উলুখোলা বাজার এবং মেঘনা ফিল্ডের মরিচাকান্দি বাজার এলাকাস্থ কোম্পানির ভূমি কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দিতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৩। | কোম্পানির ফেনী গ্যাস ফিল্ডের ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির রেকর্ডে ফেনী গ্যাস ফিল্ড অন্তর্ভুক্ত আছে। এ ফিল্ডের হালনাগাদ তথ্য-উপাত্ত সম্বলিত প্রতিবেদন উপস্থাপনের জন্য ইতোপূর্বে একটি কমিটি গঠন হয়। কমিটির কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। | বিজিএফসিএল-এর উন্নয়ন কর্মপরিকল্পনার অধীনে ফেনী গ্যাস ফিল্ড-কে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে দ্রুত কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক/ কোম্পানি সচিব ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| **৫.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৫.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে উচ্চ আদালতে ২৫টি (ভূমি সংক্রান্ত-২টি, প্রশাসনিক-১৫টি ও অর্থ মামলা-৮টি) এবং নিম্ন আদালতে ২১টি (ভূমি সংক্রান্ত-১২টি, প্রশাসনিক-৭টি ও অর্থ মামলা-২টি) সর্বমোট ৪৬টি মামলা রয়েছে। ইতিমধ্যে ৪টি মামলা নিষ্পত্তি হয়েছে যেগুলোর সার্টিফিকেট হস্তগত হলে তালিকা থেকে বাদ দেয়া হবে। নতুন করে প্যানেল আইনজীবী নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যায়। | ১। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জন্য অধিকতর তৎপর হতে হবে।<br><br>২। নতুন করে প্যানেল আইনজীবী নিয়োগের র্কাক্রম ত্বরান্বিত করতে হবে। | কোম্পানি সচিব ও উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| **৬.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৬.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। | ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তকরণ সাপেক্ষে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/ (পিডি)/(অপারেশন) এবং<br>সংশ্লিষ্ট কমিটি |
| ৬.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের বিষয়ে কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.৩। | কম্পিউটার ও একসেসরিজ | মহাব্যবস্থাপক (এমটি এন্ড আইসিটি) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বর্তমানে সকল কর্মকর্তার দাপ্তরিক কাজে কম্পিউটার আবশ্যক বিধায় ডিপার্টমেন্টভিত্তিক কম্পিউটার, প্রিন্টার, সংশ্লিষ্ট অন্যান্য ডিভাইস সংখ্যা ও নেটওয়ার্কিং সংবলিত একটি গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন। এর ফলে কম্পিউটার ও একসেসরিজ ক্রয়, রক্ষণাবেক্ষণ ও আপগ্রেডেশন, স্পেসিফিকেশন মনিটরিং, অপারেটিং সফটওয়্যার সার্ভিস এবং কাস্টমাইজড সফট্ওয়্যার সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হবে। তিনি অপারেটিং সফট্ওয়্যার উইনডোজ-১০ সহসাই বাতিল হয়ে যাচ্ছে বিধায় কোম্পানির সকল কম্পিউটারে উইনডোজ-১১ ব্যবহারের প্রয়োজনীয়তার কথা জানান এবং এক্ষেত্রে এমএস অফিস ও অপারেটিং সিস্টেম (উইনডোজ-১১) এর অরিজিনাল লাইসেন্স (এন্টারপ্রাইজ ভার্সন) কেন্দ্রীয়ভাবে সংগ্রহ করে কোম্পানির সকল কম্পিউটারে ইনস্টলেশনের ব্যবস্থা করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। | কম্পিউটার ক্রয়, ব্যবহার, রক্ষণাবেক্ষণ, আপগ্রেডেশন এবং অপারেটিং সফটওয়্যার সার্ভিস ও কাস্টমাইজড সফট্ওয়্যার সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ বিষয়ে একটি খসড়া গাইডলাইন প্রণয়ন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি) এবং ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম |
| ৭.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৭.১। | মানবসম্পদ উন্নয়ন ও নিরাপত্তা | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, কোম্পানির একজন প্রাক্তন ও দক্ষ হাই প্রেশার ওয়েল্ডারের মাধ্যমে ৭ জন কর্মচারীকে হাই প্রেশার ওয়েল্ডিং-এ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণটি অত্যন্ত ফলপ্রসূ হয়েছে এবং সংশ্লিষ্ট কর্মচারীগণ তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ডে কর্মরত আছেন।<br><br>কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। কোম্পানির ভিজিলেন্স কমিটি কর্তৃক নিরাপত্তা-পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন করছে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে গৃহীত কার্যক্রম আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পরিচালনা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) |
| ৭.২। | কোম্পানির চিকিৎসা সেবা | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে অধিকতর ফলপ্রসূতা আনয়নের লক্ষ্যে একটি কাস্টমাইজড সফট্ওয়্যার সংগ্রহ করা হয়েছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭.৩। | নিয়োগ ও পদোন্নতি | ব্যবস্থাপনা পরিচালক সভার দৃষ্টি আকর্ষণ করে উল্লেখ করেন যে, সরকার নিয়োগ ও পদোন্নতির মাধ্যমে স্বল্পতম সময়ের মধ্যে শূন্য পদ পূরণের নির্দেশনা প্রদান করেছে। তদপ্রেক্ষিতে পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) মহোদয় ডিসেম্বর ২০২৫ এর মধ্যে শূন্য পদ পূরণের অভিপ্রায় ব্যক্ত করেন। ফলে, এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ জরুরি। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, দুদকের অনাপত্তি হস্তগত হলে এক মাসের মধ্যে পদোন্নতি প্রদান সম্পন্ন করা যাবে। এছাড়া, পেট্রোবাংলার সমন্বিত নিয়োগ প্রক্রিয়ায় কোম্পানির জন্য মনোনীত ১০৭জন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন চলমান আছে মর্মে পেট্রোবাংলা হতে জানা গিয়েছে। সহসাই তারা যোগদান করবেন বলে আশা করা যাচ্ছে। অপরদিকে ৬৫জন কর্মকর্তার নিয়োগের রিক্যুইজিশন পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে এবং ৯০জন কর্মচারীর নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | অনুমোদিত সাংগঠনিক কাঠামো এবং কর্মরত জনবল ও শূন্য পদের পরিসংখ্যান বিবেচনায় জনবলের বাস্তবভিত্তিক অবস্থা পর্যালোচনা করে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৮.০। | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৮.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভাকে অবিহিত করেন যে, কোম্পানির অপারেশনাল ব্যয়ের ক্ষেত্রে ত্রৈমাসিক ব্যয় পর্যালোচনায় কয়েকটি খাতে বাজেট ভেরিয়েন্স পরিলক্ষিত হচ্ছে। তিনি ২০২৪-২৫ অর্থবছরের সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সচেষ্ট থাকার আহ্বান জানান। তিনি কোনও ব্যয় সংঘটনের পূর্বে বাজেট ছাড় গ্রহণের অনুরোধ জানান। আলোচনাকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় অভিমত ব্যক্ত করেন যে, বর্তমানে প্রায় ১০টি প্রকল্প কার্যক্রম চলমান রয়েছে বিধায় প্রকল্প সংশ্লিষ্ট প্রয়োজনে ভিজিটর বহুগুণ বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায়, প্রকল্পের আপ্যায়ন ব্যয় অপ্রতুল বিধায় কোম্পানির আপ্যায়ন খাত হতে সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছ্রতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে।<br><br>বাস্তব অবস্থার প্রেক্ষাপট বিবেচনায় কোম্পানির আপ্যায়ন খাতে বাজেট বরাদ্দ যুক্তিসংগত পরিমাণে বৃদ্ধি করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

আলোচনা শেষে ব্যবস্থাপনা পরিচালক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

ক) পেট্রোবাংলা কর্তৃক অধিকাল ভাতা সংক্রান্ত ব্যয় যুক্তিসংগত রাখার বিষয়ে জোর তাগিদ দেয়া হয়েছে। অধিকাল ভাতা প্রদানের বিষয়ে এসজিএফএল-এ দুদক তদন্ত করছে। সুতরাং শিফট্ সংশ্লিষ্ট কর্মচারী, ড্রাইভার, নিরাপত্তা কর্মচারী, ডাইনিং সার্ভিস, রক্ষণাবেক্ষণ কাজ প্রভৃতি ক্যাটাগরি ভিত্তিক কাজের প্রকৃতি বিবেচনায় অধিকাল সর্বোচ্চ সীমা নির্ধারণ করে সে অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণকে সচেষ্ট হতে হবে;

খ) অপ্রয়োজনীয় ব্যয় পরিহার করতে হবে;

গ) নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে হবে এবং বিশেষ সচেতনতা থাকতে হবে;

ঘ) অফিসে আসার সময়সূচী মেনে চলতে হবে;

ঙ) দাপ্তরিক কাজে অফিস এরিয়ার বাহিরে গেলে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট হতে 'ভ্রমণ আদেশ'-এ পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে। এক্ষেত্রে প্রশাসন ডিভিশন 'ভ্রমণ আদেশ' ফরম প্রণয়ন ও জারি করবে।

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৩ জ্যৈষ্ঠ ১৪৩২
২৭ মে ২০২৫

**সকল সংযুক্তিসমূহ:**
(১) CamScanner 17-06-2025 16.55

১৮-০৬-২০২৫
প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.১৮.০০০১.২৫.৬৫

তারিখ: ৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৮ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, বিজিএফসিএল।।
৪। ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৫। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৬। ব্যবস্থাপক (মেঘনা) (অতিরিক্ত দায়িত্ব), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৭। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৮-০৬-২০২৫
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক